# জি-বুপিভাকেইন® হেভী ইনজেকশন

(বুপিভাকেইন হাইড্রোক্লোরাইড ইউএসপি + ডেক্সট্রোজ এনহাইড্রাস ইউএসপি)

**উপস্থাপন :** ৪ মিঃলিঃ এম্পুল

প্রতি মিঃলিঃ এ আছে :

| | |
|---|---|
| বুপিভাকেইন হাইড্রোক্লোরাইড ইউএসপি | ৫ মিঃ গ্রাম |
| ডেক্সট্রোজ এনহাইড্রাস ইউএসপি | ৮০ মিঃ গ্রাম |

**ক্লিনিক্যাল ফার্মাকোলজী এবং ব্যবহার :**

বুপিভাকেইন একটি এ্যামাইড গ্রুপের দীর্ঘকালীন কার্যকরী স্থানীয় (Local) এ্যানেসথিটিক যাহা স্নায়ুতন্ত্রের সঞ্চারে পূর্ববর্তী অবস্থায় প্রত্যাগমন যোগ্য অবরুদ্ধতা (Reversible block) করে।

ইহার কার্যকারিতা ৮ ঘণ্টা পর্যন্ত ব্যাপ্ত। ইহার কার্যকারিতার শুরু ও এ্যানেসথেসিয়ার গভীরতা নির্ভর করে ওষুধের মাত্রা, ঘনত্ব এবং ব্যবহারের পদ্ধতির উপর।

শল্যচিকিৎসায় স্পাইনাল এ্যানেসথিসিয়ায় জি-বুপিভাকেইন হেভী ০.৫% সলিউশন দেওয়া হয়।

**রোগ নির্দেশনা :**

বাহ্যিক অনুপ্রবেশের ক্ষেত্রে এবং প্রান্তস্থ্য স্নায়ুপথের অবরুদ্ধতায় জি-বুপিভাকেইন হেভী ইনজেকশন ব্যবহার করা হয়।

**সাবধানতা :**

এপিলেন্সি, শ্বাস-প্রশ্বাসে কষ্ট, হৃৎপিন্ডের পরিবহন ক্ষমতা নষ্ট, ব্রাডিকার্ডিয়া, প্রচন্ড শক, পরফাইরিয়া, মায়াসথেনিয়া গ্রাভিস যুক্ত রোগীদের ক্ষেত্রে সতর্কতার সঙ্গে ব্যবহার করতে হবে। জি-বুপিভাকেইন হেভী ইনজেকশন ব্যবহারে মায়োকার্ডিয়াল ডিপ্রেসন অনেক মারাত্মক হতে পারে এবং প্রতিরোধ সৃষ্টি হতে পারে। বয়স্কদের চিকিৎসায় সেবন মাত্রা কম দেওয়া যেতে পারে। রিসাসসিটিভ ইকুইপমেন্ট কাছে থাকা আবশ্যক।

**প্রতি নির্দেশনা :**

বুপিভাকেইন হাইপোভোলামিয়া এবং হার্ট ব্লকের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

**বিশেষ সতর্কতা :**

রোগ নির্ণয়ে এবং ওষুধের সেবন মাত্রার বিষাক্ততা এবং তাৎক্ষণিকভাবে জরুরী অবস্থা ব্যবস্থাপনার ক্ষেত্রে বিশেষ অভিজ্ঞ চিকিৎসক দ্বারা জি-বুপিভাকেইন হেভী ইনজেকশন ব্যবহার করা আবশ্যক। তবে ব্যবহারের পূর্বে অক্সিজেন এবং রিসাসসিটিভ ড্রাগস, কার্ডিওপালমোনারী ইকুইপমেন্টের সহজপ্রাপ্যতা এবং বিষাক্ত বিক্রিয়ার ব্যবস্থাপনায় বিশেষ অভিজ্ঞ চিকিৎসকের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**পার্শ্ব প্রতিক্রিয়া :**

মানসিক বিভ্রম, শ্বাস-প্রশ্বাসে অবনমন ও খিঁচুনি, হাইপোটেনশন এবং ব্রাডিকার্ডিয়া দেখা দিতে পারে। এ ছাড়াও আর্টিকারিয়া, প্রুরাইটাস ইরাইথেমা, এ্যানজিও নিউরোটিক ইডিমা, ট্যাকিকার্ডিয়া, হাঁচি, সিনকোপ, ডায়াফরেসিস, হাইপোথারমিয়া, এনাফাইলেক্সিস দেখা দিতে পারে।

**ওষুধের মিথস্ক্রিয়া :**

এন্টিএরিদমিক ওষুধের সাথে ব্যবহারে মায়োকার্ডিয়াল ডিপ্রেসন বৃদ্ধি পেতে পারে এবং প্রপানললের সাথে ব্যবহারে বুপিভাকেইনের বিষক্রিয়া বৃদ্ধি পায়।

**মাত্রা ও ব্যবহার বিধি :**

রোগীর ওজন এবং প্রয়োগ বিধি অনুযায়ী ওষুধের মাত্রা ঠিক করতে হবে।

অস্ত্রোপচারে ইন্ট্রাথিক্যাল অবচেতনের ক্ষেত্রে ২-৪ মিলি ব্যবহার করা যেতে পারে।

বয়স্ক ও গর্ভাবস্থায় সেবন মাত্রা কম দেওয়ার প্রয়োজন হতে পারে।

**সংরক্ষণ :**

ঠান্ডা ও শুষ্ক জায়গায় সূর্যের আলো থেকে দূরে সংরক্ষণ করতে হবে।

**প্যাকেজিং :**

জি-বুপিভাকেইন হেভী ইনজেকশন : ৪ মিঃলিঃ x ৫টি এম্পুল একটি বাক্সে।

দেশের স্বাস্থ্যের জন্যে

বিশ্ব স্বাস্থ্য সংস্থার অত্যাবশ্যকীয় ওষুধ তালিকা এর অন্তর্ভূক্ত

**প্রস্তুতকারক :**

**গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিঃ**

মির্জানগর ভায়া সাভার ক্যান্টঃ, সাভার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ